যুগান্তর

তারিখ ... 28 AUG 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

স্কুল বন্ধ ঘোষণা

# মুকসুদপুরে গণহিস্টিরিয়া রোগে ২০ শিক্ষক-শিক্ষার্থী অসুস্থ

গোপালগঞ্জ প্রতিনিধি

মুকসুদপুরের একটি মাধ্যমিক বিদ্যালয়ে গণহিস্টিরিয়া রোগে ২০ শিক্ষক ও শিক্ষার্থী আক্রান্ত হয়েছে। ফলে স্কুলটি বন্ধ ঘোষণা করেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। বৃহস্পতিবার সকালে মুকসুদপুর উপজেলার খান্দারপাড় ইন্দুহাটি হলধর উচ্চ বিদ্যালয়ে এ রোগের প্রাদুর্ভাব দেখা দেয়। ওই স্কুলের প্রধান শিক্ষক কাজী নজরুল ইসলাম জানিয়েছেন, বৃহস্পতিবার স্কুলের ক্লাস আরম্ভ হওয়ার কিছু সময় আগে ৯ম শ্রেণীতে কয়েকজন শিক্ষার্থী তীব্র মাথাব্যথা ও বমি উপসর্গ নিয়ে চিৎকার করতে থাকে। চিৎকারে শুনে অন্য শিক্ষার্থীরা তাদের সহযোগিতায় এগিয়ে গেলে একপর্যায়ে তারাও আক্রান্ত হয়। অসুস্থ ১০ জনকে তাৎক্ষণিক মুকসুদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। এদের মধ্যে গুরুতর অসুস্থ ২ জনকে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। গণহিস্টিরিয়া রোগে মুকসুদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি রোগীরা হল ৯ম শ্রেণীর শিক্ষার্থী জোনাকী, জুলিয়া, দশম শ্রেণীর ছালমা, পনু শেখ, রিয়াজ শেখ, ৮ম শ্রেণীর সংগীতা বিশ্বাস, প্রিয়া খানম, শিক্ষক শাহ আলম ও প্রধান শিক্ষক কাজী নজরুল ইসলাম। অসুস্থ শিক্ষকদের হাসপাতালে ভর্তি করা হয়নি। তাদের প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে। মুকসুদপুর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. মনিব উল হাবিব স্কুল পরিদর্শন করে সাংবাদিকদের জানিয়েছেন, এটি গণহিস্টিরিয়া রোগ। এটি কোন ভাইরাস রোগ নয়, তবে মানসিকভাবে আক্রান্ত হওয়ায় এ রোগের সৃষ্টি হয়েছে। আমরা সচেতনতামূলক পরামর্শ দিয়েছি। পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে রয়েছে।